গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সমাজসেবা ভবন
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৪১.০১.০০০০.০০৯.১১.০১০.১৫. ১২০০

তারিখ: ০৬ পৌষ ১৪২২
২০ ডিসেম্বর ২০১৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদফতরের নিম্নবর্ণিত স্থায়ী রাজস্ব খাতের শূন্য পদে নিয়োগের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা ও প্রয়োজনীয় অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|
| ১. | ফিল্ড সুপারভাইজার ৫২০০-১১২৩৫/- | ২৬ (ছাব্বিশ) টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী<br>খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত।<br>গ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | বাংলাদেশের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২. | গ্রাজুয়েট টিচার ৫২০০-১১২৩৫/- | ০৯ (নয়)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী; তবে শর্ত থাকে যে, ব্যাচেলর অব এডুকেশন(বিএড)ডিগ্রীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। | ঐ |
| ৩. | কম্পাউন্ডার ৪৭০০-৯৭৪৫/- | ৩৬ (ছত্রিশ)টি | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পাউন্ডারশীপ বা মেডিকেল এ্যাসিসটেন্ট বিষয়ে সার্টিফিকেট। | ঐ |
| ৪. | সহকারী শিক্ষক ৪৭০০-৯৭৪৫/- | ২৭ (সাতাশ)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । | ঐ |
| ৫. | মেট্রন কাম নার্স ৪৭০০-৯৭৪৫/- | ০৯(নয়)টি | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে নার্সিং বা ফার্মাসিস্ট সনদ। | ঐ |
| ৬. | কটেজ মাদার ৪৭০০-৯৭৪৫/- | ০১(এক)টি | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং তবে শর্ত থাকে যে, শিশু যত্ন বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন।<br>খ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | ঐ |
| ৭. | বড়ভাইয়া ৪৭০০-৯৭৪৫/- | ০৬(ছয়)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; তবে শর্ত থাকে যে, খেলাধুলা ও সাংস্কৃতিক প্রতিযোগিতার সনদধারী প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। | ঐ |
| ৮ | খালাম্মা ৪৭০০-৯৭৪৫/- | ০৫(পাঁচ)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; তবে শর্ত থাকে যে, খেলাধুলা ও সাংস্কৃতিক প্রতিযোগিতার সনদধারী এবং খালাম্মা পদে বিধবা প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। | ঐ |
| ৯ | অফিস সহায়ক ৪১০০-৭৭৪০/- | ১৩৫(একশত পয়ত্রিশ) টি | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । | ঐ |
| ১০ | বার্তাবাহক ৪১০০-৭৭৪০/- | ০৯ (নয়)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । | ঐ |
| ১১ | নিরাপত্তা প্রহরী ৪১০০-৭৭৪০/- | ০৯ (নয়)টি | ক) অন্যূন অষ্টম শ্রেণী পাশ ; তবে শর্ত থাকে যে, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হবেন।<br>খ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। | |
| ১২ | মালি ৪১০০-৭৭৪০/- | ০১ (এক) টি | ক) অন্যূন অষ্টম শ্রেণী পাশ;<br>খ) মালির কাজে বাস্তব কর্ম অভিজ্ঞতা । | ঐ |
| ১৩ | আয়া ৪১০০-৭৭৪০/- | ০২ (দুই)টি | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । | ঐ |
| ১৪ | ফিটার এ্যাটেনডেন্ট ৪১০০-৭৭৪০/- | ০২(দুই) টি | কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ । | ঐ |
| ১৫ | পরিচ্ছন্নতা কর্মী ৪১০০-৭৭৪০/- | ০২(দুই)টি | অন্যূন অষ্টম শ্রেণী পাশ : তবে শর্ত থাকে যে, সুইপার সম্প্রদায়ের প্রার্থীগণ বিশেষ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন। | ঐ |

শর্তাবলী ঃ

১. নিয়োগের জন্য আবেদনকারী সাধারণ প্রার্থীদের বয়স ৩১-১২-২০১৫ তারিখে ১৮-৩০ বছর এবং মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাগণের ক্ষেত্রে বয়স ১৮-৩২ বছর । মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের বয়স ১৮-৩০ বছর।

২. আবেদনপত্রের উপরের অংশের ডান পার্শ্বে বিভাগীয় প্রার্থী/বিশেষ কোটা(প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে। বিভাগীয় প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩. ক্রমিক নং-১ নং হতে ০৮নং পর্যন্ত আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা এবং ক্রমিক নং-০৯ হতে ১৫ পর্যন্ত ৫০(পঞ্চাশ) টাকা আবেদনকারীকে ট্রেজারী চালানের মাধ্যমে কোড নং- (১-২৯৩১-০০০০-২০৩১) এ **মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর,** ঢাকা বরাবর সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে ট্রেজারী চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ট্রেজারী চালান ব্যতিত ব্যাংক ড্রাফট, পে-অর্ডার, পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য হবে না।

৪. খামের উপর পদের নাম ও জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

৫. আবেদনকারীকে তাঁর নাম ও বর্তমান যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ১০/- টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ফেরত খাম(৯.৫"×৪.৫") আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৬. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি- বিধান /সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

৭. আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত ০১ পাতার চাকরির আবেদন ফরম পূরণ পূর্বক আবেদনপত্র আগামী ২১-০১-২০১৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে **মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, সমাজসেবা ভবন, প্লট নং- ই-৮, বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭** এই ঠিকানায় পাঠাতে হবে। নির্ধারিত তারিখের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রেরিত এবং সরাসরি দাখিলকৃত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। চাকরির আবেদন ফরম অনলাইনে সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইট (www.dss.gov.bd) এ পাওয়া যাবে।

৮. আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় চাহিত নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি প্রদর্শন করতে হবে এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।
   (ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র,অভিজ্ঞতা(প্রযোজ্য ক্ষেত্রে) সনদের সত্যায়িত কপি।
   (খ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি।
   (গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
   (ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।
   (ঙ) শারিরীক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতার পিতা-মাতা/ মাতার পিতা-মাতার মুক্তিযোদ্ধা সনদপত্র।
   চ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

৯. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণ বশতঃ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১০. ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

১১. আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১২. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০/১২/২০১৫

(এ কে এম খায়রুল আলম)
যুগ্ম সচিব
পরিচালক(প্রশাসন ও অর্থ)
ও
সভাপতি
বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটি
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

বিতরণঃ

সদয় জ্ঞাতার্থেঃ

১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।

৩। পরিচালক(কার্যক্রম/প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, ঢাকা।

৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। মাননীয় সভাপতি মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ সংসদ সচিবালয়, জাতীয় সংসদ ভবন, ঢাকা।

জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক(সকল).................................................................

২। উপপরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি কার্যালয়, কাকরাইল, ঢাকা।

৩। উপপরিচালক (সকল),............................................................।

৪। উপপরিচালক (প্রকাশনা, গবেষনা ও মূল্যায়ন), সমাজসেবা অধিদফতর, ঢাকা। তাঁকে সংযোজিত বিজ্ঞপ্তিটি এবং সরকার কর্তৃক নির্ধারিত চাকুরির আবেদন ফরমটি পৃথকভাবে সমাজসেবা অধিদফতরের ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৫। নোটিশ বোর্ড/অফিস কপি।

# চাকুরীর আবেদন ফরম

৫×৫ সে.মি.<br>ছবি<br>(সম্প্রতি তোলা, দুই কপি)<br>১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম: | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | | | | | | | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) : | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | | | | | | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | | | | | | ৬. জন্মস্থান (জেলা) : | | | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | | মাস | | দিন | | | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) : | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্ট কোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | জাতীয়তা: | | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | |
| ১৯. | কোটা (টিক দিন) : | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) |
| | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | তারিখ: দি ন মা স ব ৎ স র | | |
| ২০. | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখঃ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | | প্রার্থীর স্বাক্ষর |